

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লীভবন

৫ কাওরান বাজার, ঢাকা।

www.brd.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.২২.০১৬.১৯. ২৫১৪

তারিখঃ ১১ এপ্রিল ২০২২

বিষয় : তথ্য অধিকার আইন-২০০৯ এর আওতায় তথ্য সরবরাহকরণ প্রসঙ্গে।

সূত্র : তথ্য অধিকার আইনের আলোকে আপনার দাখিলকৃত ২২ মার্চ ২০২২ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্র অনুসরণে জানানো যাচ্ছে যে, আপনি গত ২২ মার্চ ২০২২ তারিখ তথ্য অধিকার আইন-২০০৯ এর আওতায় উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) বরাবর কিছু তথ্য চেয়ে আবেদন করেন। সে আলোকে উপপরিচালক (প্রশাসন) বিআরডিবি'কে তথ্য সরবরাহের জন্য অনুরোধ করা হয়। তাঁর শাখার স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৭.১৩.০৯৪.১৯.২১৯০, তারিখঃ ৩১ মার্চ ২০২২ মূলে চাহিত তথ্য প্রদান করা হয়েছে। তিনি উল্লেখ করেন যে, বিআরডিবি'র অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারি যারা অবসরকালীন সম্পূর্ণ অবসরভাতা গ্রহণ করেছেন তাদের ১৫ (পনের) বছর অতিক্রান্তের পর ইতোপূর্বে ৫৭ (সাতান্ন) জন কর্মকর্তা/কর্মচারিকে পেনশন পুনঃস্থাপন সুবিধা প্রদান করা হয়। পরবর্তীতে অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩.(অংশ-৩)-০৪ তারিখঃ ০৪ জানুয়ারি ২০২১ খ্রি. ও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৩.১৩.০৩১.১৯-৪৮/১ তারিখ: ০৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. মোতাবেক শুধুমাত্র শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারিগণের পেনশন পুনঃস্থাপনের বেলায় প্রযোজ্য হবে (কপি সংযুক্ত)। প্রজ্ঞাপনটি কোন সংবিধিবদ্ধ সংস্থার কর্মকর্তা/কর্মচারিগণের জন্য প্রযোজ্য নয়। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন ২০১৮ এর ৩ (২) ধারা অনুযায়ী সংবিধিবদ্ধ সংস্থা এবং ৫ ধারামূলে গঠিত বোর্ড দ্বারা পরিচালিত হওয়ায় বিআরডিবি'র শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারিগণের ক্ষেত্রে পেনশন পুনঃস্থাপন সুবিধা প্রযোজ্য নয়। তদপ্রেক্ষিতে বিআরডিবি'র স্মারক নং-১০৯৫ তারিখঃ-০৩/০২/২০২১ খ্রি. মূলে পেনশন পুনঃস্থাপন সুবিধা স্থগিত করা হয় (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, বিষয়টি আপনার অবগতির জন্য জানানো হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৪ প্রস্ত

মোঃ নুরুজ্জামান

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)

বিআরডিবি, ঢাকা।

E-mail: dd.prc@brdb.gov.bd

বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ সিরাজুল ইসলাম

পিতাঃ মৃত শেখ হাতেম আলী, মাতাঃ মৃত সালেহা বেগম

ঠিকানা: ১৮/২ প্রাইমারি স্কুল রোড, কল্যাণপুর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.২২.০১৬.১৯. ২৫১৪

তারিখঃ ১১ এপ্রিল ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১) মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২) সংশ্লিষ্ট নথি।

মোঃ বাবুল হোসেন

সহকারী পরিচালক (জনসংযোগ ও সমন্বয়)